খুলনায় ওষুধ তত্ববধায়কের কার্যালয় ও ফুলতলা হাসপাতালে দুদকের অভিযান

খুলনায় ওষুধ তত্বাবধায়কের কার্যালয় ও ফুলতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পৃথক অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

সোমবার বেলা আড়াইটার দিকে নগরীর সোনাডাঙ্গাস্থ ওষুধ তত্ববধায়কের কার্যালয়ে ও বেলা ৪টার দিকে ফুলতলা স্বাস্থ্য কমপ্লেক্সে এই অভিযান পরিচালিত হয়। দুদকের খুলনা বিভাগীয় সমন্বিত কার্যালয়ের উপসহকারী পরিচালক ফয়সাল কাদিরের নেতৃত্বে একটি টিম এ অভিযান পরিচালনা করে।

ওষুধ বিক্রির লাইসেন্স সরবরাহ ও নবায়নের অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে ওষুধ তত্ববধায়কের কার্যালয়ে অভিযান চালানো হয়। এ সময় কার্যালয়ে কর্মরত বিভিন্ন কর্মচারী ও কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে। এই সময় অনিয়মের জন্য বিভিন্ন আবেদনসহ রেজিষ্টার পর্যবেক্ষন করা হয়।

অন্যদিকে ফুলতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও উন্নয়নে ২০১৭-২০১৮ অর্থ বছেও তিন ধাপে ২৬ লাখ টাকা প্রদান করা হয়। উন্নয়ন কাজে অনিয়মের অভিযোগে সেখানে অভিযান চালায় দুদক।
দুদকের খুলনা বিভাগীয় সমন্বিত কার্যালয়ের উপসহকারী পরিচালক ফয়সাল কাদির জানান, দুটি প্রতিষ্ঠানে অনিয়মের অভিযোগের সত্যতা মেলায় প্রয়োজনীয় আইননানুগ ব্যবস্থা গ্রহনের জন্য প্রধান কার্যালয়ে সুপারিশের জন্য পাঠানো হবে।